সমকাল
বৃহস্পতিবার, ১৩ আগস্ট ২০২৬

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান**
**নওগাঁ।**




স্মারক নম্বর: ক্ষু.নৃ.গো.সা.প্রতি.নওগাঁ-১৪৯

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩৩ / ১২ আগস্ট ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ এর রাজস্ব বাজেটের ০৫ (পাঁচ) ক্যাটাগরির ০৫ (পাঁচ)টি শূন্যপদ পূরণের লক্ষ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ অনুযায়ী জনবল নিয়োগের উদ্দেশ্যে উল্লিখিত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও বর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে বাংলাদেশে বসবাসরত স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্র:নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | আবেদনপত্র দাখিলের শেষ তারিখে প্রার্থীর বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী পরিচালক | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ১৮-৩২ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২ | প্রশিক্ষক (সংগীত) | ০১টি | ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ১৮-৩২ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩ | প্রশিক্ষক (নৃত্য) | ০১টি | ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ১৮-৩২ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ১৮-৩২ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মাইক্রোসফট অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজসহ কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; (ঘ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হবে; (ঙ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেননি বলে গণ্য হবে। |
| ৫ | অফিস সহায়ক | ০১টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ১৮-৩২ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী:**

০১। আবেদনকারীকে পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ বরাবর 'নমুনা ছক' মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে আবেদনপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, নওগাঁ এর কার্যালয়ে সরাসরি কিংবা ডাকযোগে পৌঁছাতে হবে। সকল পদের প্রার্থীর ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়সসীমা ১৮-৩২ বৎসর এর মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি কিংবা ডাকযোগে প্রেরিত কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা কপি, জেলা প্রশাসক, নওগাঁ এর ওয়েবসাইট www.naogaon.gov.bd ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moca.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সিলমোহর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

সমকাল

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি ও ০১ (এক) কপি প্রবেশপত্রের সাথে আঠা দিয়ে লাগাতে হবে এবং বাকী ০২ (দুই) কপি ছবি অফিসের ব্যবহারের জন্য আবেদন ফরমের সাথে ক্লিপ/স্ট্যাপলার পিন দিয়ে সংযুক্ত করে দাখিল করতে হবে।

খ) বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে।

ঘ) প্রার্থী কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্য তার সমর্থনে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সনদপত্র আবেদন ফরমের সাথে সংযুক্ত করবে।

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূল কপি)।

চ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ।

ছ) অভিজ্ঞতা সনদ (যদি থাকে)।

জ) আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ক্রমিক নম্বর ১ হতে ৩ নম্বর পদের প্রার্থীদের ক্ষেত্রে ২০০/-(দুইশত) টাকা, ৪ নম্বর ক্রমিকের পদের প্রার্থীদের ক্ষেত্রে ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নম্বর ৫ পদের প্রার্থীদের ক্ষেত্রে ৫০/-(পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ এর নামে সোনালী ব্যাংক পিএলসি, পত্নীতলা শাখা, নওগাঁ হিসাব নম্বর ৪৮১৬৫০২০০০৯২৩ তে জমা দিয়ে, জমা স্লিপের মূল কপি সংযুক্ত করতে হবে।

ঝ) আবেদন পত্রের সাথে প্রেরিত কোনো কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

ঞ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদন ফরম পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৫। আবেদনপত্রে কোনো অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি অসত্য/জালিয়াতি বলে প্রমাণিত হলে কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে আবেদনপত্র/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

০৬। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র বৈধ প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

০৭। আবেদনকারীদের বৈধ এবং বাতিল তালিকা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড, জেলা প্রশাসক, নওগাঁ এর ওয়েবসাইট www.naogaon.gov.bd এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের www.moca.gov.bd ওয়েবসাইট এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

০৮। পরীক্ষার তারিখ ও সময় উল্লেখ করে প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে। কোনো কারণে তারিখ ও সময় পরিবর্তন হলে তা নির্ধারিত ওয়েবসাইটের মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেওয়া হবে। বৈধ প্রার্থী কোনো কারণে প্রবেশপত্র না পেয়ে থাকলে পরীক্ষার ০৩ (তিন) দিন আগে অফিস থেকে ডুপ্লিকেট কপি সংগ্রহ করা যাবে।

০৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা অফিসের নোটিশ বোর্ড, ফেসবুক পেজ, নির্ধারিত ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এর সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্র/কাগজপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। নিয়োগের ক্ষেত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ১২ এপ্রিল, ২০১০ অনুসারে শতকরা আশি ভাগ কর্মকর্তা ও কর্মচারী স্থানীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের মধ্যে হতে নিয়োগ করা হবে (ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ এর ১২ নং ধারা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ১৩ মে, ২০২৫ অনুসরণ করা হবে)।

১১। প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

১২। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিপার্শ্বে পদের নাম এবং খামের বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম, মোবাইল নম্বর ও ঠিকানা লিখতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে কোনো ধরনের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৪। কোটা সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক নম্বর-০৫,০০,০০০,১৭০,১১,০১৪,২৪.১৪১ তারিখ: ২৩/০৭/২০২৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২/০৮/২০২৬
**যোগেন্দ্র নাথ সরকার**
পরিচালক
ও
সদস্য সচিব
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ
E-mail: d.knsinagaon@gmail.com

PC-468/26 (20"x4)